গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর
ই-২৪, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.bmd.gov.bd

নম্বর- ২৩.০৯.২৬৮০.১৭২.১৬.০০২.২৫. ৭০৫৯

তারিখ: ২৪ বৈশাখ ১৪৩২
০৭ মে ২০২৫

**বিষয়: মে - জুলাই ২০২৫ খ্রি: এর আবহাওয়ার পূর্বাভাস।**

**General Condition (সাধারণ অবস্থা):**

১.এপ্রিল ২০২৪ - মার্চ ২০২৫ মাসে Southern Oscillation Index (SOI) এর মান ছিল যথাক্রমে -৬.৩, -৩.১, -৯.৫, +৭.৮, -১.০, +৪.২, +৬.৫ ও +৩.৭,+৭.৭, +১৩.২ (Bureau of Meteorology, Australia)।

২. এপ্রিল ২০২৫ মাসে সার্বিকভাবে সারাদেশে স্বাভাবিক (+৪%) বৃষ্টিপাত হয়েছে। ৭ এপ্রিল ২০২৫ সন্ধ্যা ৬টায় দক্ষিণ বঙ্গোপসাগরের মধ্যাঞ্চল ও তৎসংলগ্ন এলাকায় একটি লঘুচাপ তৈরি হয়। এটি উত্তরপশ্চিম দিকে অগ্রসর হয়ে ৮ এপ্রিল ২০২৫ সকাল ৬টায় দক্ষিণপশ্চিম বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন দক্ষিণপূর্ব বঙ্গোপসাগর এলাকায় অবস্থান করে এবং এটি আরও উত্তরপশ্চিম দিকে অগ্রসর ও ঘনীভূত হয়ে একই দিন দুপুর ১২টা নাগাদ দক্ষিণপশ্চিম বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন পশ্চিমমধ্য বঙ্গোপসাগর এলাকায় সুস্পষ্ট লঘুচাপ আকারে অবস্থান করে। ১০ এপ্রিল সকাল ১০টায় উত্তর দিকে অগ্রসর হয়ে লঘুচাপে পরিণত হয়ে পশ্চিমমধ্য বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় অবস্থান করে এবং পরবর্তীতে এটি উত্তর-উত্তরপূর্ব দিকে অগ্রসর হয়ে গুরুত্বহীন হয়ে পড়ে। ভারতের পশ্চিমবঙ্গ ও তৎসংলগ্ন বাংলাদেশের পশ্চিমাঞ্চলীয় এলাকায় তাপীয় লঘুচাপ অবস্থান করায় দেশের অনেক অঞ্চলের উপর দিয়ে ০১-১৪ ও ২২-২৭ এপ্রিল ২০২৫ পর্যন্ত মৃদু থেকে মাঝারি ধরণের তাপপ্রবাহ বয়ে যায়।পশ্চিমা লঘুচাপের সাথে পূবালী বায়ুপ্রবাহের সংযোগ ঘটায় ০১-২, ও ৫-২৯ এপ্রিল ২০২৫ সময়ে দেশের অনেক স্থানে বজ্র,শিলা ও দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারি ধরণের ভারী বৃষ্টিপাত রেকর্ড করা হয়। এ সময় সর্বোচ্চ বৃষ্টিপাত ১১৫ মি.মি. সিলেট রেকর্ড (২৮ এপ্রিল ২০২৫) করা হয়। এ মাসে দেশের সর্বোচ্চ তাপমাত্রা ৩৯.৮°সে. (যশোর ২৩ এপ্রিল ২০২৫) এবং দেশের সর্বনিম্ন তাপমাত্রা ১৬.০°সে. ডিমলা (১ ও ২ এপ্রিল ২০২৫) রেকর্ড করা হয়। এ মাসে দেশের সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা স্বাভাবিক অপেক্ষা যথাক্রমে ০.৩°সে. ও ০.৫°সে. বেশি ছিল। বৃষ্টিপাত, তাপমাত্রা, তাপপ্রবাহ, কালবৈশাখী ঝড়, ঘূর্ণিঝড়, কৃষি আবহাওয়া এবং দেশের নদ-নদীর অবস্থা এপ্রিল ২০২৫ মাসের পূর্বাভাসের সাথে সংগতিপূর্ণ ছিল।

৩. প্রাপ্ত আবহাওয়া উপাত্ত, Climate Predictability Tool (CPT), ECMWF, JMA, NOAA, IRI-Columbia University, APCC-Korea, RIMES, C3S এবং বিশ্ব আবহাওয়া সংস্থা অনুমোদিত Global Producing Centre (GPCs) থেকে প্রাপ্ত NWP মডেল পূর্বাভাস, SOI (এল-নিনো/লা-নিনা'র অবস্থা) ইত্যাদি যথাযথ বিশ্লেষণপূর্বক মে-জুলাই ২০২৫ খ্রি: এর পূর্বাভাস নিয়ে প্রদত্ত হলো:

| বিভাগ | মে ২০২৫ খ্রি: | | জুন ২০২৫ খ্রি: | | জুলাই ২০২৫ খ্রি: | | মে ২০২৫ খ্রি: মাসে মাটির আর্দ্রতা (০৫-৫০ সে.মি. পর্যন্ত) |
|---|---|---|---|---|---|---|---|
| | স্বাভাবিক বৃষ্টিপাত (মি:মি:) | পূর্বাভাস বৃষ্টিপাত (মি:মি:) | স্বাভাবিক বৃষ্টিপাত (মি:মি:) | পূর্বাভাস বৃষ্টিপাত (মি:মি:) | স্বাভাবিক বৃষ্টিপাত (মি:মি:) | পূর্বাভাস বৃষ্টিপাত (মি:মি:) | |
| ঢাকা | ২৮৭ | ২৭৫-৩৫০ | ৩৫৬ | ৩৪০-৩৭৫ | ৩৬৮ | ৩৩০-৪০৫ | ২০-৩০ |
| ময়মনসিংহ | ৪২২ | ৩৬০-৪৫৫ | ৪৩২ | ৪১০-৪৫০ | ৪২৭ | ৩৮৫-৪৭০ | ২০-৩০ |
| চট্টগ্রাম | ৩১০ | ২৯৫-৩৭০ | ৫৮৯ | ৫৩০-৬৪৫ | ৭২০ | ৬৫০-৭৯০ | ২০-৩০ |
| সিলেট | ৫৩০ | ৪৮৫-৬১০ | ৬৩৪ | ৫৬০-৬২০ | ৫৭৯ | ৫২০-৬৩৫ | ২৫-৩৫ |
| রাজশাহী | ২১৬ | ১৮৫-২৩৫ | ৩০৫ | ২৯০-৩২০ | ৩৬২ | ৩২৫-৪০০ | ১৫-২৫ |
| রংপুর | ২৯১ | ২৪৫-৩১৫ | ৪৮৯ | ৩৭০-৪১০ | ৪২৭ | ৩৮৫-৪৭০ | ২০-৩০ |
| খুলনা | ১৭৬ | ১৬৫-২১০ | ২৯৬ | ২৮০-৩১০ | ৩৩৯ | ৩০৫-৩৭৫ | ২০-৩০ |
| বরিশাল | ২৬০ | ২৪৫-৩১০ | ৪৮৩ | ৪৬০-৫১০ | ৫১৯ | ৪৬৫-৫৭০ | ২০-৩০ |

১. সামগ্রিকভাবে দেশে স্বাভাবিক অপেক্ষা বেশি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।
২. বঙ্গোপসাগরে ৩-৪ টি লঘুচাপ সৃষ্টি হতে পারে যার মধ্যে একটি নিম্নচাপ/ঘূর্ণিঝড়ে পরিণত হতে পারে।
৩. জুন মাসের প্রথমার্ধে সারাদেশে দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ু (বর্ষাকাল) বিস্তার লাভ করতে পারে।
৪. দিন ও রাতের তাপমাত্রা স্বাভাবিক অপেক্ষা কিছুটা বেশি থাকতে পারে।
৫. দেশে ২-৩ দিন বজ্র ও শিলাবৃষ্টিসহ মাঝারি/তীব্র কালবৈশাখী ঝড় এবং ৩-৫ দিন বজ্র ও শিলাবৃষ্টিসহ হালকা কালবৈশাখী ঝড় হতে পারে।
৬. দেশে ৫-৭ টি মৃদু (৩৬-৩৭.৯°সে.)/ মাঝারি (৩৮-৩৯.৯°সে.) এবং ১-২ টি তীব্র (৪০ -৪১.৯°সে.) তাপ প্রবাহ বয়ে যেতে পারে।

০৭.০৫.২৫

(এস. এম. কামরুল হাসান)
উপপরিচালক (চলতি দায়িত্ব)
পরিচালকের পক্ষে

মাননীয় উপদেষ্টা
কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
ফ্যাক্সঃ ৯৫৪০৫৫৫, ৯৫৭৬৫৬৫

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):
১। মাননীয় উপদেষ্টা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ৯৩৫০০২১।
২। মন্ত্রী পরিষদ সচিব, মন্ত্রী পরিষদ বিভাগ, ফ্যাক্সঃ ২২৩৩৮৬৫৫৯।
৩। মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ফ্যাক্সঃ ৫৮১৫৩০২০।
৪। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ২২৩৩৫২২১।
৫। সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ফ্যাক্সঃ ৯৫৩৪০০।
৬। সিনিয়র সচিব, বানিজ্য মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ৯৫৪৫৭৪১।
৭। সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ৫৮১৫২৫৩০।
৮। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ৯৫৪৫৪০৫।
৯। সচিব, কৃষি মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ৯৫৭৬৫৬৫।
১০।সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ফ্যাক্সঃ ৯৫১৪৬৭৮।